উপকূলে দরিদ্রের টিকে থাকার সংগ্রামে অবিচল অংশিদার
কোস্ট ফাউন্ডেশন

# উপকূলের কথা

নভেম্বর, ২০২৩ সংখ্যা: ৬৯

রেডিও মেঘনা

## আমাদের উদ্দেশ্য



২২ দিনের নিষেধাজ্ঞা শেষে মাছ ধরার প্রস্তুতিতে জেলেরা

রেডিও মেঘনা কোস্ট ফাউন্ডেশনের একটি কমিউনিটি রেডিও। এটি বাংলাদেশের উপকূলীয় দ্বীপ ভোলার চরফ্যাশন উপজেলায় ২০১৫ সালে যাত্রা শুরু করে। রেডিও মেঘনা অধিকারের দাবি, সমাজে বৈষম্য দূরীকরণ, জলবায়ু পরিবর্তনের প্রভাব মোকবেলা ও পরিবেশ সুরক্ষা এবং গ্রামীণ উন্নয়নে প্রান্তিক মানুষের কণ্ঠস্বর হিসেবে কাজ করে।

## ভোলায় 'মিধিলি'র তাণ্ডব



মিধিলির তাণ্ডবে রাস্তায় ভেঙে পড়া গাছ অপসারণে ফায়ার সার্ভিস

বঙ্গোপসাগরে সৃষ্ট হওয়া গভীর নিম্নচাপটি ঘূর্ণিঝড় মিধিলিতে রূপ নেওয়ায় উপকূল এলাকায় গত ১৬ নভেম্বর ৩ নম্বর সতর্ক সংকেত জারি করা হয়। বাংলাদেশ আবহাওয়া অধিদপ্তর থেকে ৩ নম্বর সতর্ক সংকেতের তথ্য জানার পর রেডিও মেঘনা ঘূর্ণিঝড়ের পূর্ববর্তী, চলাকালীন ও পরবর্তী সময়ে করণীয় ও আবহাওয়ার সতর্কতামূলক বার্তা প্রচার শুরু করা হয়। এরপর ১৭ নভেম্বর আবহাওয়া অফিস পায়রা ও মোংলা সমুদ্র বন্দরকে ৭ নম্বর সতর্ক সংকেত দেখাতে বলে।

ঘূর্ণিঝড় মিধিলির প্রভাবে জনসাধারণের মধ্যে সচেতনতা বাড়িয়ে তুলতে এবং আশ্রয়কেন্দ্রে যেতে রেডিও মেঘনায় বিরতিহীন সম্প্রচারের মাধ্যমে আবহাওয়ার বিশেষ বুলেটিন প্রচার করা হয়। পাশাপাশি দিনব্যাপী সার্বিক পরিস্থিতি নিয়ে জেলা প্রশাসক, চরফ্যাশন উপজেলা নির্বাহী কর্মকর্তা, মনপুরা উপজেলার নির্বাহী কর্মকর্তা ও সিপিপি কর্মকর্তাগণের সাক্ষাৎকার প্রচার করা হয়।

নদীবেষ্টিত এলাকার জনসাধারণকে নিরাপদে রাখতে ২৬৫ টি আশ্রয়কেন্দ্র প্রস্তুত রাখা হয়।

ঘূর্ণিঝড় মিধিলির আঘাতে সারাদেশের ন্যায় ভোলার সাত উপজেলার প্রায় সাড়ে তিন শতাধিক ঘরবাড়ি বিধ্বস্ত হয়েছে।

ঘূর্ণিঝড়ের আঘাতে চরফ্যাশনের নিম্নাঞ্চলের প্রায় ২১৯টি কাঁচাঘর বিধ্বস্ত, শতাধিক গাছপালা উপড়ে পড়েছে এবং আমন ধানেরও ব্যাপক ক্ষতি হয়েছে বলে জানা গেছে। কৃষি সম্প্রসারণ অধিদপ্তরের মতে, ক্ষেতে থাকা আমন ধানের শতকরা ২১ ভাগ ক্ষতিগ্রস্ত হয়েছে। প্রতিটি উপজেলায় নির্বাহী কর্মকর্তাগণ মাঠ পর্যায়ে গিয়ে ঝড়ের ক্ষয়ক্ষতি নির্ধারণ করেছেন এবং তালিকা তৈরি করে ক্ষতিগ্রস্তদের প্রয়োজনীয় সহায়তা করার আশ্বাস দিয়েছেন।

## বাড়ছে ডায়রিয়া রোগী



চরফ্যাশন ১০০ শয্যা হাসপাতালে ডায়রিয়া আক্রান্ত শিশু

ভোলার চরফ্যাশনে আবহাওয়া পরিবর্তনের সঙ্গে হঠাৎ করে বাড়ছে ডায়রিয়া আক্রান্ত শিশু রোগীর সংখ্যা। প্রতিনিয়ত উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্সসহ বিভিন্ন স্বাস্থ্য কেন্দ্রে ভর্তি হচ্ছে রোগীরা।

গত ২৭ নভেম্বর চরফ্যাশন ১০০ শয্যা হাসপাতালে গিয়ে দেখা যায়, রোগী ও স্বজনদের গাদাগাদিতে শিশু ওয়ার্ডে প্রবেশের জায়গা নেই।

হাসপাতাল সূত্রে জানা গেছে, গত একমাসে চরফ্যাশন ১০০ শয্যার হাসপাতালে ৩০০ শিশুসহ বিভিন্ন বয়সের ডায়রিয়া আক্রান্ত রোগীরা সেবা নিয়েছেন। এরমধ্যে শিশু ওয়ার্ডে ১ সপ্তাহের ব্যবধানে ৯৭ জন শিশু আক্রান্ত হয়ে ভর্তি হয়েছে। এই শিশুদের সার্বক্ষণিক পর্যবেক্ষণে রয়েছে চিকিৎসকসহ নার্সরা।

শিশু ওয়ার্ডে চিকিৎসা নিতে আসা একাধিক শিশুর স্বজনরা জানান, গত কয়েকদিন যাবৎ হঠাৎ গরমে জ্বর ও ডায়রিয়ার লক্ষণ দেখা দেয়। এরমধ্যে কেউ কেউ ৩-৫ দিন যাবৎ হাসপাতাল থেকে চিকিৎসা নিচ্ছেন। আবার কেউ ইতোমধ্যে সুস্থ হয়ে বাড়ি ফিরছেন।

এ বিষয়ে চরফ্যাশন স্বাস্থ্য কমপ্লেক্স এর আবাসিক মেডিক্যাল অফিসার ডা: মাহাবুব কবির বলেন, "বর্তমানে আবহাওয়া পরিবর্তনের ফলে চরফ্যাশনে সাধারণ ডায়রিয়া রোগে আক্রান্ত শিশু রোগীর সংখ্যা খুব বেশি লক্ষ্য করা যাচ্ছে। প্রতিনিয়তই এখন হাসপাতালে ডায়রিয়া আক্রান্ত শিশুরা ভর্তি হচ্ছে এবং রোগীদের যথাযথ চিকিৎসাসেবা দেওয়া হচ্ছে। সেবা নিয়ে সুস্থ হয়ে বাসায় ফিরেছেন অনেকেই। শীত বাড়ার সাথে এর প্রকোপ আরো বাড়ার আশঙ্কার কথাও জানিয়েছেন চরফ্যাশন স্বাস্থ্য কমপ্লেক্স এর আবাসিক মেডিক্যাল অফিসার ডা: মাহাবুব কবির। এছাড়া তিনি শিশুদের স্বজনদের আরো সতর্ক থাকার পরামর্শ দেন এবং শিশুদের পুষ্টিকর খাবারের প্রতি জোর দেন।




*শীতের পোষাকের বেচাকেনা নিয়ে রেডিও মেঘনার সাথে কথা বলছেন বিক্রেতা*

## শীতের আগমনে জমে উঠেছে ভ্রাম্যমাণ মার্কেট

সারাদিন রোদের রাজত্ব। সন্ধ্যা নামতেই পুরোপুরি বদলে যাচ্ছে তাপমাত্রা। হেমন্তের মৃদু ঠান্ডা বাতাস জানান দিচ্ছে শীতের আগমনী বার্তা। শীত জেঁকে না বসলেও মোকাবিলায় প্রস্তুতি শুরু হয়ে গেছে চরফ্যাশনবাসীদের। শীতের কারণে সব শ্রেণির মানুষ ভিড় করছেন এখন শীতের কাপড়ের দোকানে। ফুটপাত থেকে শুরু করে অভিজাত মার্কেট গুলোতেও গরম কাপড়ের চাহিদা এখন তুঙ্গে। তবে ভিড় বেশি ফুটপাতের পুরনো শীতবস্ত্রের দোকানেই।

হেমন্তের শুরু থেকে চরফ্যাশনের শরীফ পাড়ায় ভ্রাম্যমাণ দোকানে পুরাতন শীত বস্ত্রের বেচাকেনা জমে উঠেছে। নিম্ন ও মধ্যবিত্তদের শীত নিবারণে গরম কাপড়ের ১০ থেকে ১২টি দোকান বসেছে।

২২ নভেম্বর এই মার্কেট ঘুরে দেখা গেছে, শীতের হাত থেকে রক্ষা পেতে নিম্ন আয়ের মানুষের পাশাপাশি সকল শ্রেণীর মানুষ শীতের আগমনে পুরাতন গরম পোশাক কিনতে শুরু করেছেন। এসব ফুটপাতের দোকানে ৫০ টাকা থেকে শুরু করে ৪০০ টাকায় কাপড় পাওয়া যাচ্ছে।

বিক্রেতারা বলছেন, নিম্ন ও মধ্যবিত্ত পরিবারের লোকজন অল্প টাকায় শীতের কাপড় কিনতে ভিড় করছেন বাজারে। এখনো শীত কম, শীত বাড়ার সাথে সাথে বেচাকেনা আরো জমজমাট হয়ে উঠবে বলে জানান তারা।

ক্রেতারা জানান, প্রতিবছর শীতের শুরুতেই এখানে পুরাতন গরম পোশাকের দোকান থেকে কম দামে বেশ ভালো পোশাক পাওয়ায় যায়। এবছর দাম একটু বেশি হলেও কিনতে হচ্ছে শীত নিবারনের জন্য। তাই শীত আসলে এখান থেকেই নিজের ও পরিবারের সদস্যদের জন্য পোশাক কিনেন।

## শ্রোতা মতামত

বেতুয়া নতুন স্লুইজ মৎস্যঘাটের জেলে মো: জাফর আলী জানান, ১৭ নভেম্বর শুক্রবার ঘূর্ণিঝড় মিধিলি চলাকালীন সময়ে নদীতে যাওয়া থেকে বিরত রয়েছেন এবং আবহাওয়ার বিশেষ বুলেটিন মুঠোফোনে শুনেছেন ও সতর্ক সংকেত মেনে চলেছেন।





ক্লাবের লিডার সুরভী প্রায় ৫ বছর ধরে রেডিও মেঘনার প্রায় সকল অনুষ্ঠান শোনেন। তবে সাজসজ্জা অনুষ্ঠানটি শুনে ঘরোয়া ভাবে চুলের যত্নে করণীয় বিষয়ে জেনে সেই মোতাবেক চুলে যত্ন নিয়ে উপকৃত হয়েছে।



তথ্যবিনোদনমূলক লাইভ অনুষ্ঠান ভালো লাগে ঘোষের হাটের পারভীনের। কারণ নিজেদের পছন্দ অনুযায়ী গান শুনতে পারেন। এছাড়া লাইভ চলাকালীন সময়ে সকল সকল শ্রোতাদের সাথে কথাবার্তা হয় যা পারভীন ভীষণ উপভোগ করেন।


***যোগাযোগ***

**সহকারী স্টেশন ম্যানেজার**

***০১৭০৮১২০৩৯০***

***https://www.facebook.com/radio-meghna99.0***

***radiomeghna.net***